



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৭৫৯.২১.৮১

তারিখ: ১৬ মাঘ ১৪৩০

৩০ জানুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ৫৪৮১/২০২১ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৫৪৮১/২০২১-এর ২২/০৬/২০২১ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকারি বিভাগের পৌর-১ শাখার বিগত ২৯/১১/২০২০ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৫.১৯-৯৫৬ সংখ্যক স্মারকের অনুবলে লক্ষ্মীপুর জেলার লক্ষ্মীপুর পৌরসভার সাবেক স্বাস্থ্য সহকারী জনাব মো. আনোয়ার হোসেন-এর আনুতোষিক বাবদ প্রাপ্য বকেয়া বিধি মোতাবেক পরিশোধ করার জন্য মেয়র, লক্ষ্মীপুর পৌরসভা, লক্ষ্মীপুর-কে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে লক্ষ্মীপুর পৌরসভা কর্তৃক পিটিশনার জনাব মো. আনোয়ার হোসেন-এর অনুকূলে তার প্রাপ্য বকেয়া পরিশোধ না করার বিষয়ে তিনি সংস্কৃ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৫৪৮১/২০২১ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুসহ প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, উপসচিব, পৌর-১ শাখাকে ২নং, মেয়র, লক্ষ্মীপুর পৌরসভা, লক্ষ্মীপুর-কে ৩নং প্রতিপক্ষসহ মোট চার জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৫৪৮১/২০২১ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8264/potrojariAttachmentRef/52694/0/2240)

৩১-১-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

মেয়র

লক্ষ্মীপুর পৌরসভা, লক্ষ্মীপুর

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৭৫৯.২১.৮১/১(৪)

তারিখ: ১৬ মাঘ ১৪৩০

৩০ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৩১-১-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)